

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-২

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৫.৩৯.১২৭.২৩ নথির বিষয়: মডস জোন-২ এর আওতাধীন গঙ্গারাম বাজার, নগর বেলতলী ও সুবল দাস রোড এলাকায় ডুবুরী দিয়ে বিভিন্ন পয়েন্টে পয়ঃ ম্যানহোলের ব্লক নিরসন কাজ প্রসংগে।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-২ এর আওতাধীন গঙ্গারাম বাজার, নগর বেলতলী ও সুবল দাস রোড এলাকায় ডুবুরী দিয়ে বিভিন্ন পয়েন্টে পয়ঃ ম্যানহোলের ব্লক নিরসন কাজ প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৯/১২/২৩ ১২:২৮ অপরাহ্ন

সদয় অবগত করানো যাচ্ছে যে, মডস জোন-২ ঢাকা ওয়াসা এর অন্যতম জনবহুল বাণিজ্যিক, আবাসিক এবং পর্যটন শহর। এই জোনের আওতাধীন এলাকায় লালবাগের কেব্লা, আহসান মঞ্জিল, হোসেনী দালান, ছোট কাটরা, বড় কাটরা, মকিম বাজার ইত্যাদি ঐতিহাসিক স্থাপনা এবং চকবাজার, মৌলভী বাজার, ইসলামপুর, সদরঘাট সহ গুরুত্বপূর্ণ বাণিজ্যিক স্থান রয়েছে। ফলে দেশী বিদেশী পর্যটক ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ সহ ব্যবসায়িক ও সাধারণ ব্যক্তিগণ চলাচল করে থাকেন। এম আই এস রিপোর্ট অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১৬২ কিঃমিঃ পয়ঃ লাইন এবং প্রায় ৩৫০০ ম্যানহোল ও ওয়াই পিট বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। বর্তমানে জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ লাইনে মাস্ ক্লিনিং কাজ চলমান আছে। কিন্তু গঙ্গারাম বাজার, নগর বেলতলী ও সুবল দাস রোড এলাকায় পয়ঃ লাইনের গভীরতা অনেক বেশী হওয়ায় ক্লিনিং কাজ করার পরও পয়ঃ লাইনের ব্লকেজ ছাড়ানো সম্ভব হয় না। তাই সুষ্ঠু পয়ঃ ব্যবস্থাপনার জন্য উক্ত এলাকার পয়ঃ ম্যানহোলগুলো অভিজ্ঞ ডুবুরী দ্বারা পয়ঃ লাইনের ব্লকেজ নিরসন করা সম্ভব হবে। তাই সুষ্ঠুভাবে পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষণ রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে জরুরী ভিত্তিতে গঙ্গারাম বাজার, নগর বেলতলী ও সুবল দাস রোড এলাকাসহ আশে-পাশের এলাকায় পয়ঃ লাইনের ব্লকেজ ছাড়ানো কাজটি করা প্রয়োজন। উক্ত কাজটি করার জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয় ও প্রধান প্রকৌশলী মহোদয়কে অবগত করানো হয় এবং কাজটি দ্রুত করার জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রধান প্রকৌশলী মহোদয়ের নির্দেশনা রয়েছে। উপরোক্ত বর্ণনার আলোকে কাজটি জরুরী ভিত্তিতে করার জন্য পূর্বানুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহাতে টাকার পরিমাণ দাড়িয়েছে = ৪৮,৭৫০/- (আটচল্লিশ হাজার সাতশত পঁঞ্চাশ) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার অত্র জোনের অনুকূলে অনুমোদিত ২০২৩-২০২৪ইং অর্থ বৎসরের বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৫৪ হতে নির্বাহ করা হবে।

সংযুক্তিসমূহ (৫):

- ১। ২০২৩-২০২৪ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। পূর্বানুমোদিত দরের কপি।
- ৩। ঠিকাদারের প্রতি মূল্য সম্বলিত প্রস্তাবের চিঠি।
- ৪। ঠিকাদার হতে প্রাপ্ত মূল্য সম্বলিত প্রস্তাবের চিঠি।
- ৫। প্রাক্কলনের কপি।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৯/১২/২৩ ১২:৩১ অপরাহ্ন


এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে মডস জোন-২ এর আওতাধীন গঙ্গারাম বাজার, নগর বেলতলী ও সুবল দাস রোড এলাকায় ডুবুরী দ্বারা বিভিন্ন স্থানে পয়ঃ ম্যানহোলের ব্লক নিরসন কাজটি জরুরী ভিত্তিতে সম্পন্ন করার নিমিত্তে প্রাক্কলনে উপস্থাপিত সর্বমোট = ৪৮,৭৫০/- (আটচল্লিশ হাজার সাতশত পঁঞ্চাশ) টাকা মাত্র এর প্রাক্কলনটি পিপিআর ২০০৮ এর ৭৬/১(ট) ধারা অনুসারে অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান আলিফ ট্রেড ইন্টারন্যাশনাল এর মাধ্যমে DPM পদ্ধতিতে কাজটি সম্পন্ন করার অনুমোদনের জন্য নথিখানা প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর প্রেরণ করা যেতে পারে। সবিনয়ে উপস্থাপন করা হল।



৯/১২/২৩ ১২:৩২ অপরাহ্ন
মোঃ হিরক আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২



৯/১২/২৩ ৩:১৪ অপরাহ্ন
মোহাম্মদ ইখতিয়ার মাসউদ
সহকারী প্রকৌশলী
মডস জোন-২



১০/১২/২৩ ১২:২২ অপরাহ্ন
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-২



১০/১২/২৩ ৬:৩২ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১


১০/১২/২৩ ৬:৩২ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান, হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৪/১২/২৩ ১০:৩৯ পূর্বাহ্ন

অনুমোদিত



১৪/১২/২৩ ১০:৪৪ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান, হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



১৪/১২/২৩ ১২:২৪ অপরাহ্ন
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-২



১৪/১২/২৩ ১:৩৩ অপরাহ্ন
মোঃ হিরক আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২